## অধ্যায়-৬: আর্থিক বিবরণী বিশ্লেষণ

২০৩. যমুনা লি.-এর কার্যকরী মূলধন ৬৩,০০০ টাকা। যদি সমাপ্ত বছরের চলতি অনুপাত ৫ : ৩ হয় তবে মোট চলতি সম্পদের পরিমাণ কত টাকা ছিল? (প্রয়োগ) [নটর ডেম কলেজ, ঢাকা]

ক) ১,৭০,০০০ খ) ১,২৬,০০০
গ) ১,৫৭,৫০০ ঘ) ১,৫০,০০০ **গ**

২০৪. নিচের কোনটি কাল্পনিক সম্পত্তি? (অনুধাবন) [নটর ডেম কলেজ, ঢাকা]

ক) সুনাম খ) পণ্যস্বত্ব
গ) ট্রেডমার্ক ঘ) ঋণপত্রের অবহার **ঘ**

২০৫. নিচের কোনটি উপার্জন ক্ষমতা পরিমাপক? (অনুধাবন) [মাইলস্টোন কলেজ, ঢাকা]

ক) চলতি অনুপাত
খ) অগ্নি পরীক্ষা অনুপাত
গ) মজুদ আবর্তন অনুপাত
ঘ) নিট লাভ অনুপাত **ঘ**

২০৬. নিট বিক্রয় ২১,০০০ টাকা, লাভ ক্রয়মূল্যের ২৫%, প্রারম্ভিক মজুদ ২,০০০ টাকা, সমাপনী মজুদ ৩,০০০ টাকা। মজুদ আবর্তন অনুপাত কত? (প্রয়োগ) [ঢাকা সিটি কলেজ]

ক) ৪ বার খ) ৫ বার
গ) ৮ বার ঘ) ৬.৭২ বার **ঘ**

২০৭. কীভাবে সম্পদ আবর্তন অনুপাত নির্ণয় করা হয়? (অনুধাবন) [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

ক) নিট আয়কে গড় মোট সম্পদ দ্বারা ভাগ করে
খ) নিট বিক্রয়কে গড় মোট সম্পদ দ্বারা ভাগ করে
গ) নিট আয়কে সমাপনী মোট সম্পদের দ্বারা ভাগ করে
ঘ) নিট বিক্রয়কে নিট সম্পদ দ্বারা ভাগ করে **খ**

২০৮. কোন কোম্পানির নিট আয় ২৪,০০০ টাকা, নিট বিক্রয় ৪,০০,০০০ টাকা এবং গড় সম্পদ ৬,০০,০০০ টাকা। উক্ত কোম্পানির মুনাফার হার কত? (প্রয়োগ) [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

ক) ১২% খ) ১০%
গ) ৬% ঘ) ৯% **গ**

২০৯. বিক্রয় ৮০,০০০ টাকা, ক্রয় মূল্যের ওপর ২৫% মুনাফা যোগ করে বিক্রয় মূল্য নির্ণয় করা হয়। মুনাফার পরিমাণ কত? (প্রয়োগ) [ঢাকা কমার্স কলেজ]

ক) ১৬,০০০ টাকা খ) ২০,০০০ টাকা
গ) ২৫,০০০ টাকা ঘ) ২৬,৬৬৪ টাকা **ক**

২১০. চলতি অনুপাত ৩:১ এবং চলতি সম্পত্তি ২৭,০০০ টাকা হলে কার্যকরী মূলধন অনুপাত কত? (প্রয়োগ) [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]

ক) ৩ : ১ খ) ১ : ৩
গ) ২ : ১ ঘ) ১ : ২ **গ**

২১১. ৬০,০০০ টাকার পণ্য নিয়ে হিসাবকাল শুরু হল এবং ২,৪০,০০০ টাকা পণ্য ক্রয় করা হল। হিসাবকাল শেষে ৭২,০০০ টাকর পণ্য অবিক্রিত থাকল। বিক্রিত পণ্যের ব্যয় কত? (প্রয়োগ) [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]

ক) ৩,০০,০০০ টাকা খ) ২,৫২,০০০ টাকা
গ) ২,২৮,০০০ টাকা ঘ) ২,০৮,০০০ টাকা **গ**

২১২. পারস্পরিক তুলনাযোগ্য দুইটি ঘটনার সম্পর্কের সংখ্যাত্মক প্রকাশকে কী বলা হয়? (জ্ঞান) [দনিয়া কলেজ, ঢাকা]

ক) ব্যবসায় সংগঠন খ) অনুপাত বিশ্লেষণ
গ) হিসাব বিশ্লেষণ ঘ) মুনাফা বিশ্লেষণ **খ**

২১৩. একটি কোম্পানির চলতি অনুপাত ২ : ১ এবং চলতি সম্পদ ৪,০০০ টাকা হলে চলতি দায়ের পরিমাণ কত? (প্রয়োগ) [বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা]

ক) ২,০০০ টাকা খ) ৩,০০০ টাকা
গ) ৪,০০০ টাকা ঘ) ৮,০০০ টাকা **ক**

২১৪. অদাবীকৃত লভ্যাংশ, পেনশন তহবিল, কল্যাণ তহবিল প্রভৃতি কোন ধরণের দায়? (অনুধাবন) [ঢাকা ইম্পিরিয়াল কলেজ]

ক) চলতি খ) তরল
গ) স্থায়ী ঘ) অস্থায়ী **ক**

২১৫. চলতি সম্পদ ৫,০০,০০০ টাকা, চলতি দায় ২,০০,০০০ টাকা, মজুদ পণ্য ১,০০,০০০ টাকা এবং অগ্রিম খরচ ২০,০০০ টাকা হলে তরল অনুপাত কত? (প্রয়োগ) [কল্যাণপুর গার্লস স্কুল ও কলেজ, ঢাকা]

ক) ১.৯ : ১ খ) ২ : ১
গ) ২.১ : ১ ঘ) ২.৫ : ১ **ক**

Teachingbd.com

২১৬. হাফসা কোম্পানির ৩১,৫০০ টাকা চলতি মূলধন রয়েছে এবং চলতি অনুপাত ৫ : ২। হাফসা কোম্পানির চলতি দায়ের পরিমাণ কত? (প্রয়োগ) /উত্তরা কমার্স কলেজ, ঢাকা/

ক ২১,০০০ টাকা খ ৩১,৫০০ টাকা
গ ৪০,৪০০ টাকা ঘ ৯০,০০০ টাকা ক

২১৭. চলতি সম্পদ ২,২০,০০০ টাকা। চলতি দায় ১,৩০,০০০ টাকা। কার্যকরী মূলধনের পরিমাণ কত? (প্রয়োগ) /ইস্পাহানী বালিকা বিদ্যালয় ও মহাবিদ্যালয়, মগবাজার, ঢাকা/

ক ৯০,০০০ টাকা খ ৩,৫০,০০০ টাকা
গ ১,৭৫,০০০ টাকা ঘ ১,১০,০০০ টাকা ক

২১৮. ০১-০১-২০১৩ তারিখ মজুদ পণ্য ৩০,০০০ টাকা। ৩১-১২-২০১৩ তারিখ মজুদ পণ্য ৫০,০০০ টাকা। বিক্রীত পণ্যের ব্যয় ১,২৫,০০০ টাকা। গড় মজুদ কত? (প্রয়োগ) /ইস্পাহানী বালিকা বিদ্যালয় ও মহাবিদ্যালয়, মগবাজার, ঢাকা/

ক ২০,০০০ টাকা খ ৪০,০০০ টাকা
গ ৬২,৫০০ টাকা ঘ ৫০,০০০ টাকা খ

২১৯. নিচের কোন সূত্রের সাহায্যে কার্যকরী মূলধন অনুপাত নির্ণয় করা যায়? (অনুধাবন) /গাজীপুর কমার্স কলেজ/

ক $\frac{\text{কার্যকরী মূলধন}}{\text{চলতি দায়}}$ খ $\frac{\text{চলতি দায়}}{\text{কার্যকরী মূলধন}}$
গ $\frac{\text{তরল দায়}}{\text{তরল সম্পদ}}$ ঘ $\frac{\text{চলতি সম্পদ}}{\text{চলতি দায়}}$ ক

২২০. বিক্রীত পণ্যের ব্যয় হতে ক্রয় বের করার সূত্র কোনটি? (অনুধাবন) /সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সীগঞ্জ/

ক বিক্রীত পণ্যের ব্যয় + সমাপনী মজুদ
খ বিক্রীত পণ্যের ব্যয় — সমাপনী মজুদ + প্রারম্ভিক মজুদ
গ বিক্রীত পণ্যের ব্যয় + সমাপনী মজুদ পণ্য — প্রারম্ভিক মজুদ পণ্য
ঘ বিক্রীত পণ্যের ব্যয় — প্রারম্ভিক মজুদ গ

২২১. নিট লাভ অনুপাতের আদর্শ মান কত? (অনুধাবন) /নিউ গভ. ডিগ্রী কলেজ, রাজশাহী/

ক ৫%-৭% খ ১০%-১৫%
গ ৫%-১০% ঘ ২০%-৩০% খ

২২২. অনুপাত বিশ্লেষণের সীমাবদ্ধতা কোনটি? (জ্ঞান) /পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ, রংপুর/

ক মূলধনের পরিমাণ বেশি
খ মূলধনের পরিমাণ কম
গ প্রয়োজনীয় ব্যাখ্যার অভাব
ঘ ঋণ গ্রহনে সমস্যা গ

২২৩. কোন অনুপাত দ্বারা স্থির খরচযুক্ত তহবিলের মাত্রা মাপা যায়? (অনুধাবন) /অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল/

ক পাওনাদার আবর্তন অনুপাত
খ দেনাদার আবর্তন অনুপাত
গ মূলধন গিয়ারিং অনুপাত
ঘ মজুদ আবর্তন অনুপাত গ

২২৪. মূলধন কাঠামো যাচাই অনুপাতসমূহ হচ্ছে — (অনুধাবন) /রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা/

i. দায় মালিকানা অনুপাত
ii. মূলধন গিয়ারিং অনুপাত
iii. দায় সম্পত্তি অনুপাত

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii ঘ

২২৫. বিনিয়োজিত মূলধনের আবর্তন হার নির্ণয়ে প্রয়োজন হবে — (অনুধাবন) /ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, মোমেনশাহী/

i. নিট ক্রয় ii. নিট বিক্রয়
iii. বিনিয়োজিত মূলধন

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ ii ও iii গ

২২৬. ক্ষুদ্র ব্যবসায় ঋণ প্রদানের পূর্বে একজন ব্যাংক কর্মকর্তা বিবেচনা করেন — (অনুধাবন) /এম সি একাডেমী (মডেল স্কুল ও কলেজ), সিলেট/

i. দায়মালিকানা অনুপাত
ii. চলতি অনুপাত
iii. তারল্য অনুপাত

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii গ

উদ্দীপকটি পড়ো এবং ২২৭-২২৯ নং প্রশ্নের উত্তর দাও।

যমুনা টেক্সটাইল লি.-এর নগদ ৫,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন ২,০০০ টাকা, সমাপনী মজুদ ৪,০০০ টাকা, বিবিধ পাওনাদার ৩,০০০ টাকা, বিবিধ দেনাদার ৪,০০০ টাকা, অগ্রিম খরচ ১,০০০ টাকা। /আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা/

Teachingbd.com

http://teachingbd.com

২২৭. ত্বরিত সম্পদ এর পরিমাণ কত? (প্রয়োগ)

ক ১২,০০০ টাকা খ ১৩,০০০ টাকা

গ ১০,০০০ টাকা ঘ ৯,০০০ টাকা ঘ

২২৮. চলতি অনুপাত কত? (প্রয়োগ)

ক ২.৫০ : ১ খ ২ : ১

গ ২.৮০ : ১ ঘ ৩ : ১ গ

২২৯. ত্বরিত অনুপাত কত? (প্রয়োগ)

ক ১.৮০ : ১ খ ২ : ১

গ ১ : ১ ঘ ২.৮০ : ১ ক

উদ্দীপকটি পড়ো এবং ২৩০–২৩২ নং প্রশ্নের উত্তর দাও।

| | |
|---|---|
| প্রারম্ভিক মজুদপণ্য | ১,০০,০০০ টাকা |
| বিক্রয় | ১৫,০০,০০০ টাকা |
| সমাপনী মজুদপণ্য | ২,০০,০০০ টাকা |
| ক্রয় | ৮,০০,০০০ টাকা |

*[দনিয়া কলেজ, ঢাকা]*

২৩০. গড় মজুদ কত? (প্রয়োগ)

ক ১,০০,০০০ টাকা খ ১,৫০,০০০ টাকা

গ ২,০০,০০০ টাকা ঘ ৩,০০,০০০ টাকা খ

২৩১. বিক্রিত পণ্যের ব্যয় বের করো? (প্রয়োগ)

ক ৫,০০,০০০ টাকা খ ৬,০০,০০০ টাকা

গ ৭,০০,০০০ টাকা ঘ ৯,০০,০০০ টাকা গ

২৩২. কার্যকরী মূলধনের আদর্শ মান কত? (প্রয়োগ)
*[বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা]*

ক ৩ : ১ খ ১ : ১

গ ২.৫ : ১ ঘ ২ : ৩ ক

উদ্দীপকটি পড়ো এবং ২৩৩–২৩৪ নং প্রশ্নের উত্তর দাও।

মামুন লিমিটেড বিক্রয় মূল্যের উপর ২৫% মোট লাভে পণ্য বিক্রয় করে থাকে। ব্যবসায়ের বিক্রিত পণ্যের ব্যয় ৫,০০,০০০ টাকা। *[মিরপুর গার্লস আইডিয়াল ল্যাবরেটরি ইনস্টিটিউট, ঢাকা]*

২৩৩. ব্যবসায়ে বিক্রয়ের পরিমাণ কত? (প্রয়োগ)

ক ৫,৭৫,০০০ টাকা খ ৬,০০,০০০ টাকা

গ ৬,৬৬,৬৬৭ টাকা ঘ ৬,৭০,০০০ টাকা গ

২৩৪. ব্যবসায়ে মোট লাভের পরিমাণ কত? (প্রয়োগ)

ক ৭৫,০০০ টাকা খ ১,৬৬,৬৬৭ টাকা

গ ১,৭০,০০০ টাকা ঘ ১,৮০,০০০ টাকা খ

উদ্দীপকটি পড়ো এবং ২৩৫–২৩৭ নং প্রশ্নের উত্তর দাও।

অন্তরা লি.-এর ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের উদ্বর্তপত্রের কিছু তথ্য দেওয়া হল: শেয়ার মূলধন ৫,০০,০০০ টাকা, সাধারণ সঞ্চিতি ২,০০,০০০ টাকা, লাভ-ক্ষতি হিসাবের উদ্বৃত্ত ১,৫০,০০০ টাকা, ঋণপত্র ২,০০,০০০ টাকা, চলতি দায় ১,৫০,০০০ টাকা, শেয়ার অবহার ৫০,০০০ টাকা। *[রাজশাহী কলেজ]*

২৩৫. মালিকানা তহবিলের পরিমাণ কত? (প্রয়োগ)

ক ৭,০০,০০০ টাকা খ ৮,০০,০০০ টাকা

গ ৮,৫০,০০০ টাকা ঘ ৯,০০,০০০ টাকা খ

২৩৬. বিনিয়োজিত মূলধনের পরিমাণ কত? (প্রয়োগ)

ক ৮,০০,০০০ টাকা খ ৮,৫০,০০০ টাকা

গ ৯,৫০,০০০ টাকা ঘ ১০,০০,০০০ টাকা ঘ

২৩৭. দায় মালিকানা অনুপাত কত? (প্রয়োগ)

ক ০.১৮৭ : ১ খ ০.২৫ : ১

গ ০.৪৩৭ : ১ ঘ ০. ৫০ : ১ গ

উদ্দীপকটি পড়ো এবং ২৩৮–২৩৯ নং প্রশ্নের উত্তর দাও।

| চলতি সম্পদ | টাকা | চলতি দায় | টাকা |
|---|---|---|---|
| মজুদ পণ্য | ১,০০,০০০ | প্রদেয় হিসাব | ৪০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৪০,০০০ | প্রদেয় বিল | ২০,০০০ |
| প্রাপ্য বিল | ১০,০০০ | | |

সারা বছর বিক্রয়ের পরিমাণ ছিল ৭,৫০,০০০ টাকা, যা বিক্রিত পণ্যের ব্যয়ের উপর ২৫% লাভে বিক্রয় করা হয়। *[ক্যান্ট. পাবলিক স্কুল ও কলেজ (বিইউএসএমএস) পার্বতীপুর, দিনাজপুর]*

২৩৮. মজুদ আবর্তন অনুপাত কত? (প্রয়োগ)

ক ৪ বার খ ৫ বার

গ ৬ বার ঘ ৭ বার গ

২৩৯. প্রাপ্য হিসাব আবর্তন অনুপাত হলো —— (প্রয়োগ)

i. ১৫ বার ii. ১৫ গুণ

iii. ১৫%

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii ক

উদ্দীপকটি পড়ো এবং ২৪০–২৪১ নং প্রশ্নের উত্তর দাও।

চলতি সম্পত্তি ২,০০,০০০ টাকা, চলতি দায় ৮০,০০০ টাকা। মোট বিক্রয় ৪,৮০,০০০ টাকা, মোট লাভ ব্যয় এর ২০% এবং পরিচালন ব্যয় ৫০,০০০ টাকা। *[বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, চট্টগ্রাম]*

২৪০. মোট লাভের পরিমাণ কত? (প্রয়োগ)

ক ৪,৩০,০০০ টাকা খ ২,৮০,০০০ টাকা

গ ৯৬,০০০ টাকা ঘ ৮০,০০০ টাকা ঘ

২৪১. নিট লাভের অনুপাত কত? (প্রয়োগ)

ক ৬.২৫% খ ৬.২৫ : ১

গ ৬.২৫ বার

ঘ উপরের কোনটিই নয় ক

http://teachingbd.com